

## ● কর্তৃ কারকে বিভিন্ন বিভক্তি ও অনুসর্গের ব্যবহার ●

কর্তৃ কারকে একবচনে 'এ' ('য়ে', 'য়'), 'তে' ('এতে'), 'অ' (শূন্য) বিভক্তি এবং বহুবচনে 'রা' ('এরা') বিভক্তি ব্যবহৃত হয়। উভয় বচনেই কর্তৃ কারকে 'দ্বারা' অনুসর্গ ব্যবহৃত হয়।

১. কর্তৃ কারকে শূন্য ('অ') বিভক্তি : ঘোড়া ঘাস খায়। 'পাখি সব করে রব।' বাদল ঝাঙল টানে। বাঘ মানুষ মারে।

২. কর্তৃ কারকে 'এ' বিভক্তি : পাগলে কী না বলে। ছাগলে কী না খায়। 'দশে মিলি করি কাজ, হারি জিতি নাহি লাজ।'

৩. কর্তৃ কারকে 'তে' বিভক্তি : ঘোড়াতে ঘাস খায়। 'বুলবুলিতে ধান খেয়েছে, খাজনা দেব কীসে।'

৪. কর্তৃ কারকে 'য়' বিভক্তি : ঘোড়ায় গাড়ি টানে। গাধায় মাল বয়।

৫. কর্তৃ কারকে 'কর্তৃক' অনুসর্গ : বাল্মীকি কর্তৃক রামায়ণ রচিত হয়। রাম কর্তৃক রাবণ সবংশে নিহত হন।

৬. কর্তৃ কারকে 'দ্বারা' অনুসর্গ : আমা দ্বারা এ কাজ হবে না।

একে অন্যের সঙ্গে যুক্ত, এমন বোঝালে এবং সহযোগিতা স্থলে দুটি কর্তার প্রয়োগ হলে উভয় কর্তাতেই 'এ' (বা 'তে') বিভক্তির প্রয়োগ হয়। যেমন—ষাঁড়ে ঝাঁড়ে লড়াই চলছে। উকিলে উকিলে তর্ক হচ্ছে। পণ্ডিতে পণ্ডিতে আলোচনা চলছে।

কোনো কোনো ক্ষেত্রে প্রথম কর্তায় বিভক্তি বসানো হয় না। যেমন—গুরু-শিষ্যে কথা হচ্ছে।

## ● কর্ম কারকে বিভিন্ন বিভক্তি ও অনুসর্গের প্রয়োগ ●

কর্ম কারকে একবচনে '-এ' ('-য়ে', '-য়'), '-কে', '-রে' ('-এর') এবং বহুবচনে '-দের', '-দেরকে' ('-এদেরকে'), '-দিগকে' বিভক্তি হয়। অনেক সময় বিভক্তি-চিহ্ন থাকে না।

১. কর্ম কারকে শূন্য ('-অ') বিভক্তি : অপ্রাণীবাচক, ক্ষুদ্র প্রাণীবাচক এবং অচেতন পদার্থবাচক কর্মপদগুলিতে সাধারণত কোনো বিভক্তি যুক্ত হয় না (অর্থাৎ, 'অ' বিভক্তি বা শূন্য বিভক্তি হয়)। যেমন—ফুল তুলে আনো। পিঁপড়ে দেখছ বুঝি। পাহাড় (= পাহাড়কে) নড়ানো যায় না। ময়রা সন্দেশ (= সন্দেশকে) বানায়।

২. কর্ম কারকে ‘-রে’ বিভক্তি : সাধারণত কবিতায় বেশি ব্যবহৃত হয়। যেমন—  
‘অবনত ভারত চাহে তোমারে।’ ‘আমারে করহ তোমার বীণা।’

৩. কর্ম কারকে ‘-কে’ বিভক্তি : কর্মকে বিশেষভাবে নির্দেশ করতে প্রাণীবাচক শব্দের পরে এই বিভক্তিটি যুক্ত হয়। যেমন—এখুনি ডাক্তারকে ডাকো। বিড়াল-  
গুলিকে খেতে দাও। মাছটিকে ছোটো ছোটো করে কাটবে। আমাকে বইটি দাও।

৪. কর্ম কারকে ‘-এ’ বিভক্তি : সাধারণত কবিতায় বেশি ব্যবহৃত হয়। যেমন—  
‘বৃথা গঞ্জ দশাননে’ (= দশাননকে)। কৃষ্মে (= কৃষ্মকে) ভাবি মনে। জনে জনে  
জিজ্ঞাসা করব।